

## ৩৩ হাজার পোস্ট প্রাইমারী শিক্ষা প্রতিষ্ঠানে জরিপ শুরু আগামীকাল থেকে

স্টাফ রিপোর্টার : সারাদেশের ৩৩ হাজার পোস্ট প্রাইমারী শিক্ষা প্রতিষ্ঠানে আগামীকাল থেকে জরিপ শুরু হবে। দেশের শিক্ষা প্রতিষ্ঠান সাধারণ শিক্ষা, মাদরাসা শিক্ষা, পেশাগত প্রযুক্তিগত ও বৃত্তিমূলক শিক্ষা প্রদান করে, থাকে সেগুলো পোস্ট প্রাইমারী সেক্টরের অন্তর্ভুক্ত। বাংলাদেশ শিক্ষা তথা ও পরিসংখ্যান বুরো (ব্যানবেইস) দেশের সব পোস্ট প্রাইমারী শিক্ষা সংক্রান্ত পরিসংখ্যান তথ্য সংগ্রহ কর্তৃপক্ষের ও বিতরণ করে আসছে।

ব্যানবেইস সূত্রে জানা গেছে, আগামীকাল থেকে ব্যানবেইস এ নিয়োজিত ১৬শ'র কেন্দ্রীয় গণনাকারী পোস্ট প্রাইমারী সেক্টরের আওতাভুক্ত প্রতিষ্ঠান থেকে সরাসরি তথ্য সংগ্রহ করবে। জেলা ও উপজেলা পর্যায়ের শিক্ষা কর্মকর্তারা উক্ত কাজে প্রত্যক্ষভাবে সম্পৃক্ত থাকবেন। অর্থ মন্ত্রণালয় অনুমোদিত এনইএসটি নামক সিস্টেমের উন্নয়ন কর্মসূচীর আওতায় এই জরিপ অনুষ্ঠিত হচ্ছে। এতে বরাদ্দের পরিমাণ ৩১২ লাখ টাকা। যা মাঠ পর্যায়ের কর্মীদের জন্য হয়ে হবে। ১৯৯৯ সালের পর দেশে কোন শিক্ষা জরিপ অনুষ্ঠিত হয়নি। ফলে এই সময়ের মধ্যে তথ্যগত বিভ্রান্তি, হালনাগাদ ছাওয়ার অভাব ও তথ্য ঘাটতি দেখা দেয়। কাল থেকে শুরু হওয়া জরিপে এ সমস্যাদগুলো দূর করে হালনাগাদ ও নির্ভুল তথ্যভাণ্ডার তৈরী করবে বলে আশা করা হচ্ছে। জরিপ সৃষ্টি ও কার্যকরভাবে সম্পাদনের জন্য সর্বশ্রেষ্ঠ সব শিক্ষা প্রতিষ্ঠান, শিক্ষক, স্থানীয় প্রশাসক, স্থানীয় প্রতিনিধি এবং গণমাধ্যমসহ সবার সহযোগিতা কামনা করেছে ব্যানবেইস কর্তৃপক্ষ।